176

দৈনিক সংবাদ

তারিখ 3 NOV 1994
পৃষ্ঠা: ৭ কলাম: ৩

# বিশেষ সুপারিশে পাস করানো হলো হাজি দানেশ কলেজের ছাত্রীকে

কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ হাজী দানেশ কৃষি কলেজ (দিনাজপুর) থেকে ১৯৯৪ সালের বিএসসি এজি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রলীগ নেত্রীকে বিশেষ সুপারিশে পাস করানো হলো। মাহমুদা বেগম (রোল নম্বর ৪২) নামের ছাত্রীটির নকল ধরার কারণে সে উদ্ভিদ রোগতত্ত্ব বিষয়ে 'রেফার্ড' পায়। রেফার্ড পরীক্ষায় নকল ধরলে এবং পরীক্ষক সুপারিশ না করলে 'দেখে নেয়া' হবে শাসানোর পর ছাত্রীটিকে পাস করানোর জন্য নিয়মিত সুপারিশ আসে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে।

সংশ্লিষ্ট কলেজ থেকে কৃষি বিশ্ববিদ্যালয়ে সার্টিফিকেট নিতে আসা ছাত্রছাত্রীরা জানায়, উদ্ভিদ রোগতত্ত্ব বিষয়ের তাত্ত্বিক পরীক্ষার দিন ছাত্রীটি পরীক্ষার নিয়ম ভঙ্গ করে পরীক্ষা শুরুর এক ঘন্টার মধ্যে পরীক্ষার হল ত্যাগ করার পরে পুনরায় তাকে অনুনয়-বিনয় করে হলে ফিরিয়ে নেয়া হয়। এ সংক্রান্ত খবর 'সংবাদ'-এ প্রকাশিত হয় গত ১১ই জুলাই। কলেজ অধ্যক্ষকে 'দেখে নেয়া হবে' এ জাতীয় কথা বলার পর 'অধ্যক্ষের সুপারিশ' আসে কৃষি বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে যার কারণে পাস করানো হয় ছাত্রী মাহমুদা বেগমকে।

এ ব্যাপারে হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজের অধ্যক্ষ 'মন্তব্য' করতে অস্বীকৃতি জানান। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক আলতাবুর রহমান চৌধুরীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, পরীক্ষার হল থেকে লিখিত কোন রিপোর্ট না আসলে বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত নিতে পারে না। জানা গেছে, স্থানীয় মদদপুষ্ট একটি সন্ত্রাসীচক্র অধ্যক্ষকে দিয়ে এই সুপারিশ করিয়েছে।